দৈনিক জনকণ্ঠ

তারিখ 22 AUG 1997
পৃষ্ঠা ১২ কলাম ৫

৭৬

# ১২৮ শিক্ষককে সহকারী প্রধান শিক্ষকে পদোন্নতি চূড়ান্ত

জনকণ্ঠ রিপোর্ট

সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ১২৮জন সহকারী শিক্ষককে সহকারী প্রধান শিক্ষক হিসাবে পদোন্নতি দেয়ার প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। শিক্ষা মন্ত্রণালয় বৃহস্পতিবার এ সংক্রান্ত একটি সারসংক্ষেপ প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পাঠিয়েছে।

সূত্র জানায়, শিক্ষামন্ত্রী এএইচএসকে সাদেক ইতোমধ্যে সহকারী প্রধান শিক্ষক হিসাবে পদোন্নতি

(১১ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## ১২৮ শিক্ষককে

(১২-এর পাতার পর)

সংক্রান্ত একটি সারসংক্ষেপ প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পাঠিয়েছে।

সূত্র জানায়, শিক্ষামন্ত্রী এএইচএসকে সাদেক ইতোমধ্যে সহকারী প্রধান শিক্ষক হিসাবে পদোন্নতি সংক্রান্ত এই সারসংক্ষেপে স্বাক্ষর করেছেন। এর আগে মহাপরিচালক (মাধ্যমিক শিক্ষা) দেড় শ' জন সহকারী শিক্ষকের তালিকাসহ তাঁদেরকে সহকারী প্রধান শিক্ষক হিসাবে পদোন্নতি দেয়ার প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ে পাঠান। মন্ত্রণালয় থেকে এ তালিকা সরকারী কর্মকমিশনে (পিএসসি) পাঠানো হলে পিএসসি তাঁদের মধ্য থেকে ১২৮ জনকে পদোন্নতির জন্য মনোনীত করে। মন্ত্রণালয়ের সারসংক্ষেপে তাঁদেরকেই পদোন্নতি দেয়ার প্রস্তাব করা হয়েছে।